

## ঢাকা শিক্ষা বোর্ড নিয়ন্ত্রকসহ বিসিএস ক্যাডারের ৩০ কর্মকর্তাকে বদলি

স্টাফ রিপোর্টার : ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ আব্দুল ওয়াদুদুসহ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের ৩০ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক পরিপত্রে বদলির এই আদেশ দেয়া হয়। বদলিকৃতদের আগামী ১৫ এপ্রিলের মধ্যে নতুন কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে। বদলিকৃতদের মধ্যে ২০ অধ্যাপক, ৬ সহযোগী অধ্যাপক, দুই সহকারী অধ্যাপক ও দুই প্রভাষক রয়েছেন। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল ওয়াদুদুকে রাজশাহী কলেজের উপাধ্যক্ষ হিসাবে বদলি করা হয়েছে। চট্টগ্রাম সিটি কলেজের উপাধ্যক্ষ দিল মনোয়ারা বেগমকে একই কলেজের অধ্যক্ষ নিয়োগ দেয়া হয়েছে, এবং বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসি) উপ-পরিচালক শাহিদা নাজরিনকে ইউএন মহিলা কলেজের সহযোগী অধ্যাপক করা হয়েছে। এছাড়া স্বরূপকাঠি সরকারী কলেজের অধ্যক্ষ আবু জালাল মোঃ নাজমুল আজিজকে মাদারীপুর শিবচর রেহামগঞ্জ সরকারী কলেজের অধ্যক্ষ পদে বদলি করা হয়েছে। কুমিল্লা, লাকসাম সরকারী নবাব ফয়জুল্লাহ কলেজের সহযোগী অধ্যাপক মোঃ শাহ আলম সরকারকে ধামরাই সরকারী কলেজের অধ্যাপক পদে, যশোর এসএম কলেজের অধ্যাপক মোঃ আব্দুল ভাওয়াকে ফরিদপুর বোয়ালমারী সরকারী কলেজের অধ্যক্ষ পদে, বরিশাল বিএম কলেজের অধ্যাপক একেএম মজিবুর রহমানকে বরিশাল কলেজের অধ্যক্ষ পদে, নোয়াখালী সরকারী কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলামকে নওগাঁ বদলগাছি সরকারী কলেজের অধ্যক্ষ পদে। বরিশাল বিএম কলেজের অধ্যাপক মোঃ হায়দার আলী মাঝিকে বরিশাল বাকেরগঞ্জ সরকারী কলেজের অধ্যক্ষ পদে বদলি করা হয়েছে। চট্টগ্রাম সরকারী কলেজের অধ্যাপক মোঃ আব্দুর রশিদকে কুমিল্লা বড় রা শহীদ সিটি কলেজের অধ্যক্ষ পদে, পটুয়াখালী সরকারী কলেজের অধ্যাপক অনিল চন্দ্র সরকারকে মানিকগঞ্জ সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ, নেত্রকোনা সরকারী কলেজের অধ্যাপক নেহার আহমদকে সিলেট বিমানবাজার সরকারী কলেজের অধ্যক্ষ পদে, খুলনা সরকারী আজম খান কমান্ড কলেজের অধ্যাপক অশিষ কুমার বোর্পাকে মাদারীপুর সরকারী কলেজের অধ্যক্ষ পদে বদলি করা হয়েছে। ঢাকা কলেজের অধ্যাপক উজ্জ্বল চন্দ্র সরকারকে জামালপুর জাহেদা শফির সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ পদে, কুষ্টিয়া সরকারী কলেজের অধ্যাপক শেখ আবুল হোসেনকে যশোর সরকারী এমএম কলেজের অধ্যক্ষ পদে, রংপুর কারমাইকেল কলেজের অধ্যাপক মোঃ গিয়াসউদ্দিনকে পঞ্চগড়ে মকবুলার রহমান সরকারী কলেজের অধ্যক্ষ ও নীলফামারী মহিলা কলেজের অধ্যক্ষ আবেদা খাতুনকে রংপুর সরকারী কারমাইকেল কলেজের অধ্যক্ষ হিসাবে বদলি করা হয়েছে।